Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: আসমান

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sat, Feb 1, 2025 at 10:53 AM
To: ucaliptas909@gmail.com

আসমান
তাফিফ বিন জামিল

আসমানের মতো তুমি মোরে
করো গো বিশাল,
ত্রাতা হে বিধাতা ধরণীর
হে মহান দয়াল।

ঈসা-মুসা কত রসূল তুমি
পাঠাইছো অবনী পরে,
শান্তির মহা বার্তা দিয়াছো তাহাদেরে
সঁপিতে মানবধর্ম বক্ষে করে।

তোমারও পাক চরণেতে এ অধমেরে
দাও গো মোরে ঠাঁই,
কত মলিন ধূলি চরণ তলে ফেলি
খুঁজিয়া পাই না গো কোথাও তোমায়।

তিমিরাচ্ছন্ন হয়েছে আজি ধরা
মাতিয়াছে লুটিতে বিশ্বশান্তি,
কোথা যাই, কোথা পাই সে শান্তি
তুমি দূর করো মোর এ ভ্রান্তি।

রচনাকাল: ১২ অগ্রহায়ণ ১৪৩১।